রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট সবচেয়ে প্রিয় পোশাক ছিলো কামিস (সেলাই করা জামা)।

উম্মে সালামাহ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট সবচেয়ে প্রিয় পোশাক ছিলো কামিস (সেলাই
করা জামা)।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট সবচেয়ে প্রিয় কাপড় ছিল সেলাই করা জামা। কারণ, তা লুঙ্গী ও চাদর অপেক্ষা বেশি আচ্ছাদনকারী। অধিকন্তু কামিস একটি কাপড় হওয়ায় মানুষ একবারে পরিধান করতে পারে। এটি প্রথমবার লুঙ্গী ও দ্বিতীয়বার চাদর পরিধান করার চেয়ে সহজ। এতদ্বসত্ত্বেও তুমি যদি এমন শহরে থাকো যারা লুঙ্গী ও চাদর পরিধান করে অভ্যস্ত এবং তুমিও তাদের মতো পরিধান কর, তবে সমস্যা নেই। গুরুত্বপূর্ণ হচ্ছে তুমি তোমার শহরবাসীর পোষাক-পরিচ্ছেদের বিরোধিতা করবে না, কারণ সেটা প্রসিদ্ধি এনে দেয়, আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খ্যাতির পোষাক পরিধান করতে নিষেধ করেছেন।

https://sunnah.global/hadeeth/bn/show/4827